

ইউনিট-C (গ্রুপ 1, 2 এবং 3-Non-Science)

১ম নির্বাচন তালিকা ও ভর্তি বিজ্ঞপ্তি

বিজ্ঞান, কৃষি, প্রকৌশল, জীববিজ্ঞান, ভূ-বিজ্ঞান, ফিশারীজ, ভেটেরিনারী এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদ এর ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি.এসসি.(সম্মান)/বি.ফার্ম.(সম্মান)/বি.এসসি.এজি.(সম্মান)/ডি.ডি.এম./বি.এসসি.ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ও পছন্দক্রম জমাদানকারী প্রার্থীদের মধ্য থেকে শূন্য আসনের ভিত্তিতে ১ম নির্বাচন ও অপেক্ষমান তালিকা বিশ্ববিদ্যালয় ভর্তি ওয়েবসাইটে প্রকাশ করা হলো। ভর্তিচ্ছু শিক্ষার্থীরা <https://admission.ru.ac.bd> ওয়েবসাইটে লগ-ইন করেও নিজ নিজ নির্বাচন স্ট্যাটাস দেখতে পারবে।

নির্বাচিত ভর্তিচ্ছুদের আগামী ২৯-০৩-২০২৬ থেকে ৩১-০৩-২০২৬ সকাল ১০:০০ থেকে দুপুর ১:০০ এবং দুপুর ২:০০ থেকে ৪:০০ এর মধ্যে নিচে বর্ণিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়ার প্রাথমিক কাজ সম্পন্ন করে কাগজপত্র যাচাইয়ের জন্য নিম্নের দপ্তরে উপস্থিত হতে হবে।

গ্রুপ ১: রোল নং ৩১১০০০০১ - ৩২১৩০০০০	সভাপতির কক্ষ, ভূগোল বিভাগ
গ্রুপ ১: রোল নং ৩২১৩০০০১ - ৩২১৬০০০০	সভাপতির কক্ষ, উদ্ভিদবিজ্ঞান বিভাগ
গ্রুপ ২: রোল নং ৩১৩০০০০১ - ৩২৩৩১০০০	সভাপতির কক্ষ, পদার্থবিজ্ঞান বিভাগ
গ্রুপ ২: রোল নং ৩২৩৩১০০০ - ৩৯৩৬০০০০	সভাপতির কক্ষ, রসায়ন বিভাগ
গ্রুপ ৩ (অ-বিজ্ঞান)	সভাপতির কক্ষ, পপুলেশন সায়েন্স এন্ড হিউম্যান রিসোর্স ডেভলপমেন্ট বিভাগ

নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে সি-ইউনিটে তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং সি-ইউনিটের অন্য কোন বিভাগেও ভর্তির সুযোগ থাকবে না। ভর্তি সংক্রান্ত কোনো সমস্যার জন্য অফিস চলাকালীন সময়ে (সকাল ৯টা - বিকাল ৪টা) বিজ্ঞান অনুষদে যোগাযোগ করা যেতে পারে (ফোন: ০২৫৮৮-৮৬৪১৫৭)। অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত কারিগরি সমস্যার জন্য ড্যাশবোর্ডের কমপ্লেন বক্সে সমস্যা জানাতে হবে। উল্লেখ্য যে, পরবর্তীতে আসন শূন্য হওয়া সাপেক্ষে শুধুমাত্র ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের বিভাগ-পছন্দের ক্রম অনুসারে স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন করা হবে। এজন্য প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ে আসতে হবে না - নোটিশে জানতে পারবে।

২৯-০৩-২০২৬ থেকে ৩১-০৩-২০২৬ বিকাল ৪:৩০এর পূর্ব পর্যন্ত অনলাইন ভর্তির ওয়েবপেজে লগ-ইন করে অটো-মাইগ্রেশন পুরোপুরি বন্ধ (Stop automigration) অথবা এক বা একাধিক বিভাগে ট্রান্সফার বন্ধ করতে অপ্ট-আউট (Opt-out) করা যাবে।

এ ছাড়াও শূন্য আসনের জন্য অপেক্ষমান তালিকা থেকে নিম্নের সম্ভাব্য সময়সূচি অনুযায়ী মেধা ও পছন্দক্রম অনুসারে ভর্তির জন্য নির্বাচিতদের তালিকা প্রকাশ করা হবে।

তালিকা	প্রকাশের সম্ভাব্য তারিখ	ভর্তির সম্ভাব্য তারিখ
২য় নির্বাচন তালিকা	২ এপ্রিল ২০২৬ অপরাহ্ন	৫ ও ৬ এপ্রিল, ২০২৬

ভর্তির সংক্ষিপ্ত প্রক্রিয়া নিম্নরূপ:

- ভর্তি ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে ৫,৩২৪.০০ টাকা (পাঁচ হাজার তিনশত চব্বিশ টাকা মাত্র) জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার বিস্তারিত পদ্ধতি <http://admission.ru.ac.bd> থেকে জানা যাবে।
- পরবর্তী পৃষ্ঠায় বর্ণিত পদ্ধতিতে অনুষদ উন্নয়ন ফি ১,০০০.০০ (এক হাজার) টাকা রকেটের মাধ্যমে প্রদান করতে হবে।
- অনলাইনে <http://admission.ru.ac.bd>-তে (২৮-০৩-২০২৬ অপরাহ্ন থেকে) ভর্তি ফরম পূরণ করতে হবে। অনলাইনে পূরণকৃত ফরমটি তিন কপি প্রিন্ট নিতে হবে।
- সকাল ১০:০০ থেকে দুপুর ১:০০ এবং দুপুর ২:০০ থেকে ৪:০০ এর মধ্যে নিম্নের কাগজপত্রগুলি নিয়ে উপরের তালিকা অনুযায়ী নির্দিষ্ট দপ্তরে উপস্থিত হয়ে কাগজপত্র যাচাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:
 - পূরণকৃত ভর্তি ফরমের তিন কপি প্রিন্ট - স্বাক্ষরিত [দুই কপি জমা দিতে হবে]
 - এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান এর মূল মার্কস সার্টিফিকেট [জমা দিতে হবে]
 - ভর্তি পরীক্ষার প্রবেশপত্র [জমা দিতে হবে]
 - এইচ.এস.সি. পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড [দেখাতে হবে]
 - অনুষদ ফি প্রদানের প্রমাণ হিসেবে প্রিন্টআউট একটি কপি [জমা দিতে হবে]
- কাগজপত্র সন্তোষজনক হলে উপরের তালিকা অনুযায়ী কাগজপত্র জমা দিলে ভর্তি প্রক্রিয়া শেষ হবে।

প্রকাশিত ফলাফলে কোনো ভুলত্রুটি গোচরীভূত হলে তা সংশোধন করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় / সি ইউনিট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ব্রহ্মদেব মুর্জী

(প্রফেসর ড. মো. গোলাম মর্তুজা)

চীফ কো-অর্ডিনেটর

১ম বর্ষ ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ সি-ইউনিট ভর্তি পরীক্ষা কমিটি

ও ডীন, জীব-বিজ্ঞান অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়

০৮ মার্চ ২০২৬